# এস এস সি পরীক্ষা ২০২১ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

## বাংলা প্রথম পত্র

বিষয় কোড: | ১ | ০ | ১ |

## সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান-৭০

*[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি প্রশ্নসহ মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]*

### ক অংশ — গদ্য

**১.▶** মীম অত্যন্ত কর্মঠ মেয়ে। তার রয়েছে নানা প্রকার ফলদ, বনজ ও ঔষধি গাছের সমাহার। তিনি সব প্রজাতির গাছকেই সমান যত্নে বড় করে তুলেছেন। আম, কাঁঠাল, লিচু, গাছকেই যতটা যত্ন করছেন ঠিক ততটাই যত্ন পেয়েছে অর্জুন, হরীতকী, বহেড়াগুলো। তিনি নিজের জীবনের মতো গাছকে ভালোবেসে গেছেন।

ক. বনফুলের প্রকৃত নাম কী? ১

খ. নতুন লোকটা মুগ্ধ দৃষ্টিতে নিমগাছের দিকে চেয়ে রইল কেন? ২

গ. নিমগাছ গল্পের কবির সাথে উদ্দীপকের মীমের তুলনামূলক আলোচনা করো। ৩

ঘ. উদ্দীপকটি নিমগাছ গল্পের কতটা প্রতিনিধিত্ব করেছে? যুক্তিসহ মতামত দাও। ৪

**২.▶** মিজান সাহেব ভোজন রসিক মানুষ। তিনি শুধু নিজের খেয়েই আনন্দ পান না অন্যকে খাওয়াতে তার অপার আনন্দ। ইউটিউব থেকে নানা রেসিপি অনুযায়ী রেধে ছেলে-মেয়ে, বন্ধু-বান্ধব ও আত্মীয়স্বজনকে খাওয়াতে জুরি মেলা ভার।

ক. হরফন-মৌলা অর্থ কি? ১

খ. 'অল্প শোকে কাতর, অধিক শোকে পাথর'— বলতে কি বুঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকের মিজান সাহেবের সাথে প্রবাস বন্ধু ভ্রমণ কাহিনির কার মিল রয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. প্রবাস বন্ধু ভ্রমণ কাহিনির অনেক দিকই উদ্দীপকে অনুপস্থিত— উক্তির যথার্থ নিরূপণ করো। ৪

**৩.▶** মোরা এক বৃন্তে দুটি ফুল
হিন্দু-মুসলমান
মুসলিম তার নয়ন মনি
হিন্দু তার প্রাণ।

teachingbd24.com

ক. মধ্যবিত্ত শ্রেণির মানুষের শখকে কি বলা হয়? ১

খ. এর ঐতিহ্য সুপ্রাচীন ও গৌরবমণ্ডিত বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকের 'পয়লা বৈশাখ' প্রবন্ধে কোন দিকের প্রতিফলন লক্ষণীয়? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের আলোকে 'পয়লা বৈশাখ, প্রবন্ধে মূল ভাব বিশ্লেষণ করো? ৪

**৪.▶** ছোট ছেলেটার কয়দিন থেকে ভীষণ জ্বর। বিধবা ফুলবানু হাঁসের কয়েকটা ডিম বেচে ছেলের চিকিৎসা করালেও এখন আর সে সামর্থও নেই। প্রতিবেশী জরিনার কাছে ধার নিবে কেমন করে— আগের ধারটাই শোধ হয়নি।

ক. অপুর দিদির নাম কী? ১

খ. আমার কাপড় যে বাসি— অপু এ কথা কেন বলেছিল? ২

গ. উদ্দীপকে 'আম-আঁটির ভেঁপু' গল্পের যে দিকটি ফুটে উঠেছে তার ব্যাখ্যা দাও। ৩

ঘ. উদ্দীপকে ফুলবানু কি 'আম-আঁটির ভেঁপু' গল্পের সর্বজয়ার প্রতিচ্ছবি? তোমার মতামত উপস্থাপন করো। ৪

## খ অংশ — পদ্য

**৫.▶** আমি জন্মেছি বাংলায় আমি বাংলায় কথা বলি
আমি বাংলার আলপথ দিয়ে হাজার বছর চলি
চলি পলিমাটি কোমলে আমার চলার চিহ্ন ফেলে।

ক. কবি 'নিরঞ্জন' শব্দটি কোন অর্থে ব্যবহার করেছেন? ১

খ. বাংলা ভাষা আমাদের জন্য সবচেয়ে বেশি হিতকর কেন? ২

গ. উদ্দীপকে 'বঙ্গবাণী' কবিতার যে দিকটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে ফুটে ওঠা দিকটি 'বঙ্গবাণী' কবিতার একমাত্র বৈশিষ্ট্য নয়— যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

**৬.▶** সেকান্দার সাহেব একজন রেলচালক। বাড়ি থেকে সংবাদ এসেছে— ছেলে শয্যাশায়ী। তাঁর একটি কিডনি বিকল। মনে তাই আকাশ সমান দুশ্চিন্তা। নিজেরও আজ শরীরটা ভালো নেই; জ্বর, মাথা ব্যথা। তবুও তাঁর আজ আনমনা হওয়ার উপায় নেই। কারণ তাঁর ওপর যে নির্ভর করছে হাজার হাজার মানুষের জীবনের নিরাপত্তা।

ক. সুকান্ত ভট্টাচার্য কত বঙ্গাব্দে জন্মগ্রহণ করেন? ১

https://teachingbd24.com

খ. 'নতুন খবর' বলতে কবি কী বোঝাতে চেয়েছেন? ২

গ. সেকান্দার সাহেবের চরিত্রে কবিতার 'রানার' চরিত্রের যে দিকটির প্রতিফলন ঘটেছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. সেকান্দার সাহেব রানার চরিত্রের একটি দিক ধারণ করলেও সমগ্র দিক ধারণ করেনি। উক্তিটি মূল্যায়ন করো। ৪

৭.▶ হিন্দু-মুসলিম দুটি ভাই
ভারতের দুই আঁখি তারা।
এক বাগানের দুটি তরু
দেবদারু আর কদমচারা।
যেন গঙ্গা সিন্ধু নদী
যায় গো বহে নিরবধি।
এক হিমালয় হতে আসে
এক সাগরে হয় গো হারা।

ক. 'কৈবর্ত বিদ্রোহ' কার বিরুদ্ধে হয়েছিল? ১

খ. 'বাঙালি জাতির বীজমন্ত্র' বলতে কী বুঝিয়েছেন? ২

গ. উদ্দীপকে 'আমার পরিচয়' কবিতার কোন দিকটি ইঙ্গিত করা হয়েছে, তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে 'আমার পরিচয়' কবিতার বাঙালির পরিচয়ের খণ্ডাংশের প্রতিফলন ঘটেছে— বিশ্লেষণ করো। ৪

## গ অংশ — সহপাঠ [উপন্যাস]

৮.▶ যার কোন ব্যাস নেই, লম্ব নেই, নেই কোনো ক্ষেত্রফল। তার নাম বিন্দু। বিন্দু রতনপুর গ্রামের ছেলে। তার বাবা মারা গেছে পাঁচ বছর আগে। মা মারা গেছে অল্পদিন হয়। সংসারে তার নেই ভাই-বোন, নেই আত্মীয়স্বজন। কিন্তু মরেনি। ও শক্ত হয়ে গেছে। জমে শক্ত হয়ে যাওয়া যাকে বলে। ও পাথরের চোখ মেলে মৃত্যু দেখে।

ক. কারা পাখির মতো মানুষ মারে? ১

খ. বুধা অনেক রকম মানুষ হতে চায় কেন? ২

গ. উদ্দীপকের বিন্দুর সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধার কোনদিক থেকে মিল রয়েছে? ব্যাখ্যা করো। ৩

Teachingbd24.com

ঘ. 'উদ্দীপকের বিন্দু ও বুধার চেতনাগত পার্থক্য ব্যাপক'— মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

৯.▶ বিদেশি সেনার কামানে-বুলেটে বিদ্ধ
নারী শিশু আর যুবক জোয়ান-বৃদ্ধ
শত্রু সেনারা হত্যার অভিযানে—
মুক্তিবাহিনী প্রতিরোধে উত্থানে।

ক. 'কাকতাড়ুয়া' উপন্যাসে মিঠুর ভাইয়ের নাম কী? ১

খ. 'এমন খুশি আমার জীবনে আর আসেনি'— বুধার এ উক্তির কারণ কী? ২

গ. উদ্দীপকে 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে দিক ফুটে উঠেছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের বিষয়বস্তুর খণ্ডিত অংশমাত্র— মন্তব্যটির স্বপক্ষে তোমার যুক্তি দাও। ৪

## ঘ অংশ — সহপাঠ [নাটক]

১০.▶ নদীর একূল ভাঙে ওকূল গড়ে
এই তো ভবের খেলা
সকাল বেলা আমির রে তুই
থাকিব সন্ধ্যা বেলা।

ক. সূর্যাস্ত আইন কত সালে প্রণীত হয়? ১

খ. বহিপীরকে বহিপীর বলা হয় কেন? ২

গ. উদ্দীপকের সাথে বহিপীর নাটকের কোন দিকটির মিল রয়েছে? ৩

ঘ. উদ্দীপকটি বহিপীর নাটকের যথার্থ প্রতিচ্ছবি নয়— মতামত দাও। ৪

১১.▶ এককালে বাংলায় কৌলীন্য প্রথার প্রচলন ছিল। উঁচু কুলে কন্যাদান করতে পারা বড় পূণ্য আর গৌরবের মনে করা হতো। অনেক পিতা-মাতা কন্যার মতের বিরুদ্ধে গিয়ে উঁচুকুলের অধিক বয়সী পাত্রের সঙ্গে তাদের অল্প বয়সী কন্যার বিয়ে দিত।

ক. বহিপীরের বাড়ি কোথায়? ১

খ. তাহেরা বহিপীরকে বিয়ে করতে রাজি হয়নি কেন? ২

গ. উদ্দীপকে বহিপীর নাটকের যে দিকটির প্রতি ইঙ্গিত করা হয়েছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে ইঙ্গিতকৃত বিষয়ই বহিপীর নাটকের একমাত্র বিষয় নয়— মূল্যায়ন করো। ৪

https://teachingbd24.com

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০ বাংলা প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা বিষয় কোড: ১ ০ ১

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১. কাজকর্মে অবসর পেলে সুভা কোথায় এসে বসে?**
ⓚ বৃক্ষতলে ⓚ কাঁঠাল তলায়
ⓖ নদীর তীরে ⓖ বাঁধানো ঘাটে

**২. সুভা নিজেকে বিধাতার কী মনে করত?**
ⓚ দান ⓚ অভিশাপ
ⓖ উপহার ⓖ সৃষ্টি

**৩. প্রমথ চৌধুরীর মতে, কোন কথাটি শুনলে অনেকে চমকে উঠবেন?**
ⓚ বইপড়া সর্বশ্রেষ্ঠ শখ
ⓚ ধর্মের চর্চা মন্দিরের বাহিরে ও চলে
ⓖ শিক্ষকের সার্থকতা শিক্ষাদান করায় নয়
ⓖ লাইব্রেরির সার্থকতা স্কুল কলেজের চাইতে বেশি

**৪. রায়তের কথা কে রচনা করেন?**
ⓚ দীনবন্ধু মিত্র ⓚ প্রমথ চৌধুরী
ⓖ শওকত ওসমান ⓖ মুহম্মদ শহীদুল্লাহ

**৫. 'অভাগীর স্বর্গ' গল্পে শোষক শ্রেণির প্রতিনিধি নয়—**
i. কাঙ্গালী
ii. অভাগী
iii. পাঁড়ে

**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**৬. মুহম্মদ শহীদুল্লাহর গ্রামের নাম কী?**
ⓚ পেয়ারা ⓚ বনগাঁ
ⓖ কল্যাণী ⓖ কালনা

**৭. ধরি মাছ না ছুঁই পানি এটা কী?**
ⓚ প্রবাদবাক্য ⓚ খনার বচন
ⓖ পল্লীগানের কলি ⓖ উপকথা

**উদ্দীপকটি পড়ে ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও :**
কৃষকেরা জমি চাষের অপেক্ষায় বসে আছে। কিন্তু বৃষ্টির কোন দেখা নেই। তারা একত্রিত হয়ে আল্লাহর কাছে মেঘ চেয়ে গ্রামে গ্রামে ঘোরার সিদ্ধান্ত নিল। কিন্তু চৈত্র মাসে প্রচুর বৃষ্টিপাত হলেও তারা জমি চাষ করেনি।

**৮. উদ্দীপকটি কোন প্রবন্ধকে অনুসরণ করেছে?**
ⓚ পল্লীসাহিত্য ⓚ শিক্ষা ও মনুষ্যত্ব
ⓖ বইপড়া ⓖ নিরীহ বাঙালী

**৯. উদ্দীপকের আলোকে কারা পল্লী সাহিত্যের কদর করে?**
ⓚ স্বেচ্ছাসেবক দলের সদস্যরা
ⓚ নেহাত সেকেলে পাড়া গায়ের লোক
ⓖ পাড়াগাঁয়ে বেড়ে ওঠা সন্তানেরা
ⓖ পল্লী সাহিত্যের সংগ্রাহকরা

**১০. 'আম-আঁটির ভেঁপু' গল্পে কোন মাসের রোদের কথা উল্লেখ আছে?**
ⓚ বৈশাখ ⓚ চৈত্র
ⓖ জ্যৈষ্ঠ ⓖ ভাদ্র

**১১. মহানবী (সঃ) পাপীদেরও ভালবাসতেন, কারণ তারা—**
ⓚ অজ্ঞ ⓚ সরল
ⓖ অনুতপ্ত ⓖ বিপন্ন

**১২. গণতন্ত্রের সঙ্গে সাদৃশ্যপূর্ণ বাক্য কোনটি?**
ⓚ ধর্মীয় ও জাতিগত বিভেদ দূর
ⓚ ধনী দরিদ্র ভেদাভেদ
ⓖ বাকস্বাধীনতা হরণ
ⓖ শাসন ও শোষণ

**১৩. হিন্দুর অক্ষরকে কারা হিংসা করে?**
ⓚ যারা মারফত জানে না
ⓚ জমিদাররা
ⓖ মওলানা সাহেবরা
ⓖ শিক্ষিত লোকেরা

**১৪. আর কি হে হবে দেখা? এখানে প্রকাশ পেয়েছে?**
ⓚ অসহায়ত্ব ⓚ অশিচয়তা
ⓖ সংকোচ ⓖ বিরহ

**১৫. জীবন-সঙ্গীত কবিতার আলোকে পৃথিবীকে বলা ঠিক হবে না?**
i. স্বপ্নের জগৎ
ii. মায়ার জগৎ
iii. কর্মময় জগৎ

**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

Teachingbd24.com

১৬. মাথা ঘুর পণ্ডিতেরা চোখে কী দেখলো?

ক অন্ধকার | খ আশার আলো
গ সর্ষে | ঘ সম্ভবনা

১৭. যুবা হালকা চালের কবিকে কী বলা হয়?

ক তরল শ্লোক | খ তান
গ থল | ঘ চকোর

১৮. 'মানুষ' কবিতায় চেঙ্গিস খানকে কীসের প্রতীক ভাবা হয়েছে?

ক প্রতিবাদের | খ কল্যাণের
গ বিচারকের | ঘ ধ্বংসের

১৯. 'মানুষ' কবিতায় ভুখারির অনুভূতিতে ধরা পড়েছে—

i. হতাশা
ii. ক্ষোভ
iii. ঘৃণা

নিচের কোনটি সঠিক?

ক i ও ii | খ i ও iii
গ ii ও iii | ঘ i, ii ও iii

২০. 'সেই দিন এই মাঠ' কবিতায় কোন পাখির নাম উল্লেখ করা হয়েছে?

ক মাছরাঙা | খ চাতক
গ কোকিল
ঘ লক্ষী পেঁচা

**উদ্দীপকটি পড়ে ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও :**

মধ্যরাতে কুকুরের কান্না শুনে আঁতকে উঠেছেন নিলুফা বেগম। বার বার তাকাচ্ছেন অসুস্থ ছেলের চেহারার দিকে। কুকুরের কান্নাকে অশুভ কল্পনা করে তার মন আশঙ্কায় কাতর হয়ে গেল।

২১. উদ্দীপকের নিলুফা বেগম 'পল্লীজননী' কবিতার কার কথা মনে করিয়ে দেয়?

ক মায়ের | খ ছেলের
গ করিমের | ঘ রহিমের

২২. উদ্দীপকের কুকুরের কান্নার সঙ্গে পল্লী জননী কবিতার সাদৃশ্যপূর্ণ—

i. কানা কুয়োর ডাক
ii. হুতুম পেঁচার ডাক
iii. ডাহুকের ডাক

নিচের কোনটি সঠিক?

ক i ও ii | খ i ও iii
গ ii ও iii | ঘ i, ii ও iii

২৩. কবির বর্ণিত লোকেরা সারাদিনের পরিশ্রমেও কী সঞ্চয় করতে পারে না?

ক আহার | খ জমিজামা
গ বাড়ি ঘর | ঘ টাকা পয়সা

২৪. 'আমি কোন আগন্তুক নই' কবিতায় উল্লিখিত বাতাস কেমন?

ক ক্লান্ত | খ স্থির
গ সিন্ধ | ঘ জলজ

২৫. মিঠুর মাকে বুধা কী বলে ডাকে?

ক মা | খ চাচি
গ নানি | ঘ খালা

২৬. 'কাকতাড়ুয়া' উপন্যাসের প্রধান চরিত্র কোনটি?

ক কাকতাড়ুয়া | খ শাহাবুদ্দিন
গ বুধা | ঘ আহাদমুন্সি

২৭. বুধা বাঙ্কারে কী রেখে আসে?

ক মেশিনগান | খ মাইন
গ পেয়ারা | ঘ শাপলা

২৮. বিয়ে হলো তকদিরের কথা উক্তিটি কার?

ক তাহেরার | খ তাহেরার সৎমার
গ খোদেজার | ঘ বহিপীরের

২৯. তাহেরার পানিতে ঝাঁপ দিতে চাওয়ার উদ্দেশ্য ছিল?

i. পীরের হাত থেকে বাঁচা
ii. ভয় দেখানো
iii. খোদেজার উপর রাগ করা

নিচের কোনটি সঠিক?

ক i ও ii | খ i ও iii
গ ii ও iii | ঘ i, ii ও iii

৩০. বাহিরের আবছায়ার বসে হুকা খায় কে?

ক বহিপীর | খ হাতেম
গ হাশেম | ঘ হকিকুল্লাহ

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | খ | ৩ | ঘ | ৪ | খ | ৫ | ক | ৬ | ক | ৭ | ক | ৮ | ক | ৯ | ঘ | ১০ | খ | ১১ | ক | ১২ | ঘ | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | ক |
| | ১৬ | গ | ১৭ | ক | ১৮ | ঘ | ১৯ | ক | ২০ | ঘ | ২১ | ক | ২২ | গ | ২৩ | ক | ২৪ | ঘ | ২৫ | ঘ | ২৬ | গ | ২৭ | খ | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | ঘ |

https://teachingbd24.com